যুগান্তর

তারিখ 11 JUL 2015
পৃষ্ঠা ১৮ কলাম ২

# লালপুরে শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগ

**লালপুর (নাটোর) প্রতিনিধি**

আদালতে মামলা থাকা অবস্থায় লালপুর থানা বালিকা উচ্চ বিদ্যালয়ের অনির্বাচিত স্কুল পরিচালনা কমিটি ও প্রধান শিক্ষিকা যোগসাজশ করে কয়েকজন শিক্ষক নিয়োগ দিয়ে অবৈধভাবে কয়েক লাখ টাকা হাতিয়ে নিয়েছেন বলে এলাকায় গুঞ্জন উঠেছে।

বিদ্যালয়ের কিছু শিক্ষক এই অবৈধ নিয়োগের প্রতিবাদ করলে তাদেরকে নানাভাবে হুমকি-ধামকি প্রদান করা হচ্ছে। ইতিমধ্যে দু'একজন প্রতিবাদী শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এ নিয়ে শিক্ষকদের মধ্যে চলছে বাকযুদ্ধ। যে কোনো সময়ে ঘটতে পারে বড় ধরনের অপ্রীতিকর ঘটনা। এদিকে এমপিওভুক্ত কয়েকজন শিক্ষকের বেতন এলেও তাদেরকে বিদ্যালয়ে প্রবেশ ও বেতন তুলতে দেয়া হচ্ছে না।

তাদের মধ্যে সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) বিষ্ণুপদ সূত্রধর বাদী হয়ে নাটোর জেলা আদালতে একটি মামলা দায়ের করেছেন। অথচ আদালতে মামলা চলমান থাকা অবস্থায় গোপনে তারা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ৪ জন শিক্ষককে নিয়োগ প্রদান করে মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছেন বলে এলাকায় ও শিক্ষকদের মধ্যে গুঞ্জন উঠেছে। বর্তমানে অবৈধ পরিচালনা কমিটির যোগসাজশে প্রধান শিক্ষক যা ইচ্ছা তাই করে চলেছেন। নাম প্রকাশে অনিচ্ছুক একজন শিক্ষক জানান, স্কুল পরিচালনা কমিটির সভাপতির সঙ্গে প্রধান শিক্ষিকা যোগসাজশ করে অনেক দিন ধরে নানানরকম অনৈতিক কার্যক্রম করে চলেছেন। তাদের বিরুদ্ধে মুখ খুললেই তাকে চাকরিচ্যুত হতে হয়। বেতন বন্ধ করা হয়। এ ব্যাপারে প্রধান শিক্ষিকা শরিফা বেগম বলেন, আমি এই নিয়োগ বা মামলার ব্যাপারে কিছু জানি না।